গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫



Scanned with OKEN Scanner

# সূচিপত্র


উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৬

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৯





Scanned with OKEN Scanner

# উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উপজেলা প্রশাসন, সুনামগঞ্জ সদর রূপকল্প ২০৪১ ও স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে অর্পিত সকল দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে হচ্ছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন মানুষদের ঠিকানা করে দিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন আশ্রয়ণ প্রকল্প-২ এর মাধ্যমে এ উপজেলায় ৭৬৮ টি পরিবারকে একক সেমিপাকা ঘর নির্মাণ করে দেয়া হয়েছে। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য এ উপজোলায় ঘর নির্মাণ করে দেয়া হচ্ছে এবং এ পর্যন্ত ৩৫ টি ঘর উপকারভোগী পরিবারদের মধ্যে বুঝিয়ে দেয়া হয়েছে। এ উপজেলায় সামাজিক অপরাধসমূহ দমন ও নিয়ন্ত্রণে বর্তমান বছরসহ বিগত ০৩ বছরে ১২১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। সায়রাতমহাল ইজারা প্রদানের মাধ্যমে ২,৬১,৯০,৯৫৮/- টাকা সরকারী কোষাগারে রাজস্ব প্রদান করা হয়েছে। ৩৭৩ টি জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তি হয়েছে এবং ৫৯,৮৩,৫৩৮/- টাকা আদায় করা হয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে এ পর্যন্ত সুনামগঞ্জ সদর উপজেলায় বয়স্ক ভাতা-৬৮৯৯ জন, স্বামী পরিত্যাক্তা ও বিধবা ভাতা-২৬০২ জন ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ৪৬০৭ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলা পরিষদের সম্মুখে সেবা গ্রহীতাদের বসার জন্য সেবা চত্বর নির্মাণ করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধু কর্ণার এবং মুক্তিযোদ্ধা বিষয়ক লাইব্রেরী স্থাপন করা হয়েছে এবং উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপন করা হয়েছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণীকক্ষ সুসজ্জিত করাসহ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে এবং ১০,০০০ গাছের চারা বিতরণ করা হয়েছে । করোনা ভাইরাস সংক্রমন বৃদ্ধির প্রেক্ষাপটে সাধারণ ছুটিকালীন সময়ে উপজেলা প্রশাসন, সুনামগঞ্জ সদর সার্বক্ষনিক জনসেবায় নিয়োজিত থেকে ত্রাণ বিতরণ ও বিভিন্ন সরকারি নির্দেশনা বাস্তবায়নে সহায়তা করেছে। স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতনতা তৈরীতে ১৮৩টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। করোনা ভাইরাস সংক্রমন রোধে সুনামগঞ্জ সদর উপজেলায় লক্ষাধিক মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কিছু সীমাবদ্ধতা রয়েছে। আইসিটি প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ ও পর্যাপ্ত জনবলের ঘাটতি থাকায় সেবা প্রদানে সমস্যা হচ্ছে। সার্বক্ষণিক ও দ্রুতগতির ইন্টারনেট সেবা না থাকায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া ইউনিয়ন ভূমি অফিসসমূহে ব্যবহারযোগ্য ভৌত অবকাঠামো ও জনবলের স্বল্পতা রয়েছে। যার ফলে ভূমি বিষয়ক সেবা প্রদানে কাঙ্ক্ষিত মান অর্জন ব্যাহত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জনসাধারণকে সহজে, কমসময়ে ও দুর্নীতিমুক্ত উপায়ে সেবা প্রদানের জন্য উপজেলা প্রশাসন কর্তৃক বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হবে। তন্মধ্যে (ক) দক্ষ মানবসম্পদ উন্নয়নে উপজেলা প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীদের ডাটাবেইজ তৈরী করা; (খ) ইকোনমিক জোন প্রতিষ্ঠা করা; (গ) সকল প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুম শতভাগ চালু করণের নিমিত্ত মনিটরিং কার্যক্রম জোরদার করা; (ঘ) One Stop Service চালু করার মাধ্যমে ভূমি প্রশাসনকে অধিকতর সহজ ও জনবান্ধব করে গড়ে তোলা; (ঙ) সফটওয়্যার ব্যবহার করে নামজারি প্রক্রিয়া সহজীকরণ, ডিজিটাল পদ্ধতিতে শতভাগ ভূমি উন্নয়ন কর দাবী নির্ধারণের কার্যক্রম গ্রহণ করা হবে । (চ) ডি-নথি কার্যক্রমের দ্বারা সরকারের কাজকে দ্রুত সম্পন্ন করা হবে (ছ) স্কুলে শতভাগ মিড-ডে মিল চালু করা হবে। (জ) সর্বজনীন পেনশন স্কীম বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে এবং জনগণকে এ বিষয়ে উদ্বুদ্ধ করা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- □ উপজেলায় জৈব সার/নার্সারী/বীজ উৎপাদন বিষয়ে উদ্যোক্তা সৃষ্টি করার উদ্যোগ গ্রহণ;
- □ শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ ;
- □ বজ্রপাত নিয়ন্ত্রণ ও পরিবেশ সংরক্ষণে ৮০টি তালগাছ বিতরণসহ বৃক্ষরোপণ কার্যক্রম গ্রহণ;
- □ খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ১০% অনাবাদী জমি চাষযোগ্য করে গড়ে তোলা এবং হাওড় অঞ্চলের খাদ্যশস্য উৎপাদন অব্যাহত রাখতে ফসল রক্ষা বাঁধ নিমার্ণ কার্যক্রম কার্যকরীভাবে পরিবীক্ষণ করা ;
- □ উপজেলার সকল কর্মচারীকে আইসিটিতে দক্ষ হিসেবে গড়ে তোলা হবে;



Scanned with OKEN Scanner

## সেকশন ১

# উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ, গতিশীল, উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব প্রশাসন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ভূমি ব্যবস্থাপনা
২. উন্নয়ন ও প্রশাসনিক সমন্বয় এবং স্থানীয় সরকার
৩. আইন-শৃঙ্খলা
৪. শিক্ষা, সংস্কৃতি ও আইসিটি

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উপজেলার আন্ত:বিভাগীয় কর্মকান্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার প্রধান উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন

২. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ

৩. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন

৪. উপজেলার রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ

৫. উপজেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি

৬. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পত্তি

৭. সেবা পদ্ধতি সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোস্যাল মিডিয়া ব্যবহার, এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি



Scanned with OKEN Scanner

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] ভূমি ব্যবস্থাপনা | ২০ | [১.১] কৃষি খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ | [১.১.১] প্রস্তাব প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | ৬২ | ৪০ | ৩৮ | ৩৩ | ২৮ | ২৫ | ৪০ | ৪৫ |
| | | [১.২] উপজেলা ভূমি অফিস পরিদর্শন | [১.২.১] পরিদর্শন রিপোর্ট প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৪ | ১২ | ১২ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৬ |
| | | [১.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন তদারকি | [১.৩.১] সুপারিশ বাস্তবায়িত | গড় | % | ২ | ৯৫ | ৯৬ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৫ | ৯৭ |
| | | [১.৪] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [১.৪.১] পরিদর্শন রিপোর্ট প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩৬ | ৩৬ | ২৪ | ২১ | ১৯ | ১৬ | ১৪ | ২৪ | ২৪ |
| | | [১.৫] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন তদারকি; | [১.৫.১] সুপারিশ বাস্তবায়িত | গড় | % | ২ | ৯৫ | ৯৬ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৫ | ৯৭ |
| | | [১.৬] খাসজমি উদ্ধারকল্পে উচ্ছেদ প্রস্তাব প্রেরণ; | [১.৬.১] প্রস্তাব প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ১ | ৩ | ২ | ১ | ১ | ১ | ৩ | ৩ |
| | | [১.৭] অর্পিত সম্পত্তি ইজারা নবায়ন; | [১.৭.১] নবায়ন সম্পন্ন | গড় | % | ২ | ৬৫ | ০ | ১৫ | ১২ | ১০ | ৫ | ০ | ২০ | ২৫ |
| | | [১.৮] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | [১.৮.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ২ | ০ | ০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮৫ | ৯০ |



Scanned with OKEN Scanner

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] উন্নয়ন ও প্রশাসনিক সমন্বয় এবং স্থানীয় সরকার | ২০ | [২.১] খাদ্য নিরাপত্তা নিশ্চিতে উন্নত জাতের বীজ ব্যবহার | [২.১.১] উন্নত জাতের বীজ বিতরণকৃত | গড় | % | ৩ | ০ | ৬০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ | ৮০ | ৮৫ |
| | | [২.২] জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম | [২.২.১] উপজেলায় জন্মের ১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার | গড় | % | ২ | ০ | ২৪ | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] উপজেলায় মৃত্যুর ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার | গড় | % | ২ | ০ | ৮ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫০ | ৬০ |
| | | [২.৩] সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়ন | [২.৩.১] ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়িত পেনশন স্কিমের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৮১০ | ৬৪৮ | ৪৮৬ | ৪০৫ | ৩২৪ | ৯৭২ | ১১৩৪ |



Scanned with OKEN Scanner

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] কমিউনিটি ক্লিনিক/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ পরিদর্শন | [২.৪.১] পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ৮ | ২৪ | ২০ | ১৬ | ১২ | ১০ | ২৪ | ২৪ |
| | | [২.৫] হাওড়ের ফসল রক্ষা বাঁধ নির্মাণ কার্যক্রম পরিদর্শন | [২.৫.১] নির্মাণাধীন ফসল রক্ষা বাঁধ পরিদর্শনকৃত/ দর্শনকৃত (মোট পরিমাণের বিপরীতে) | গড় | % | ৩ | ২০ | ২৫ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৩৫ | ৩৫ |
| | | [২.৬] অনাবাদী জমি আবাদের আওতায় আনায়ন | [২.৬.১] অনাবাদী জমি আবাদের আওতায় আনায়নকৃত | সমষ্টি | সংখ্যা (একর) | ২ | ১৫ | ২০ | ১২০ | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ১৫০ | ১৬০ |
| | | [২.৭] জৈব সার/নার্সারী/বীজ উৎপাদন বিষয়ে উদ্যোক্তা সৃষ্টি | [২.৭.১] সৃষ্ট উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |



Scanned with OKEN Scanner

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] আইন-শৃঙ্খলা | ১৫ | [৩.১] মাসিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৩.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ৩ | ৯০ | ৯০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯৫ | ৯৫ |
| | | [৩.২] জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট মামলা | সমষ্টি | সংখ্যা | ৬ | ০ | ০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ১০০ | ২০০ | ২২০ |
| | | [৩.৩] বাজার মনিটরিং ও অন্যান্য বিষয়ে মোবাইলকোর্ট পরিচালনা | [৩.৩.১] পরিচালিত মোবাইলকোর্ট | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ৮ | ৬ | ৪ | ২ | ০ | ১০ | ১২ |
| | | [৩.৪] বাল্যবিবাহ/ইভটিজিং/মাদকদ্রব্য/ কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সভা | [৩.৪.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| [৪] শিক্ষা, সংস্কৃতি ও আইসিটি | ১৫ | [৪.১] শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতে পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ২৪ | ২০ | ১৬ | ১২ | ১০ | ২৪ | ২৪ |
| | | [৪.২] সৃজনশীলতার চর্চা, সাংস্কৃতিক চর্চা বৃদ্ধিতে প্রতিযোগিতার আয়োজন | [৪.২.১] আয়োজিত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | [৪.৩] জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ | [৪.৩.১] বাল্যবিবাধ রোধ/প্রসুতি সেবা/মাদকাসক্তি ইত্যাদি বিষয়ে ইউনিয়ন পর্যায়ে উঠান বৈঠক আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| | | [৪.৪] নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তি ব্যবহার নিশ্চিতে স্কুলসমুহে সভা আয়োজন | [৪.৪.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |



Scanned with OKEN Scanner

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৫] উচ্চ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শ্রমশক্তি গড়ে তুলতে প্রশিক্ষণ প্রদান | [৪.৫.১] প্রশিক্ষণ আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |



Scanned with OKEN Scanner

আমি, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ................................................<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর | ................................................<br>তারিখ |
| ................................................<br>জেলা প্রশাসক<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ | ................................................<br>তারিখ |



Scanned with OKEN Scanner